বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

শেরেবাংলা নগর, আগারগাঁও

ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১৮.২১.০৩১

তারিখ: ২০-০৩-২০২২ খ্রি.

ডিপ্লোমা পর্যায়ের শিক্ষাক্রমে সরকারি প্রতিষ্ঠানসমূহে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে সরকারি প্রতিষ্ঠানসমূহে ডিপ্লোমা পর্যায়ের শিক্ষাক্রমে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের ১ম পর্বে ভর্তি কার্যক্রম ২৩ মার্চ ২০২২ হতে ৩০ মার্চ ২০২২ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের নামের তালিকাসহ প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বর্ণিত ওয়েবসাইটে (www.btebadmission.gov.bd) কলেজ লগ ইন করে ডাউনলোড করতে হবে এবং ভর্তির সময় শিক্ষার্থীর তালিকায় উল্লেখিত সকল তথ্যাদি সঠিকভাবে মিলিয়ে নিতে হবে। কোন প্রকার অসংগতি পেলে তা সংশোধন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট সকলকে ভর্তির সময় নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. ভর্তির ক্ষেত্রে প্রয়োজনীয় সাধারণ নির্দেশাবলী:

১.১ নিম্নে সংযুক্ত ভর্তি ফরম শিক্ষার্থী কর্তৃক স্ব-হস্তে পূরণ করে অত্র প্রতিষ্ঠানে জমা রাখতে হবে;

১.২ ভর্তির সময় শিক্ষার্থীদের অবশ্যই মূল নম্বরপত্র জমা নিতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় মূল নম্বরপত্র কারিগরি শিক্ষা বোর্ডে প্রদর্শন করতে হবে;

১.৩ শিক্ষার্থীদের পাসপোর্ট সাইজের (০৩) কপি সত্যায়িত রঙ্গিন ছবি জমা ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদেয় প্রশংসাপত্রের ফটোকপি জমা নিতে হবে;

১.৪ কোটায় ভর্তির ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়টি শতভাগ নিশ্চিত হয়ে শিক্ষার্থী ভর্তি করতে হবে। কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মূল সনদ দেখে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা -১২০৭, বরাবর বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। এবং রেজিস্ট্রেশনের সময় মূল সনদ কারিগরি শিক্ষা বোর্ডে প্রদর্শন করতে হবে। সনদ মিথ্যা প্রমাণিত হলে উক্ত শিক্ষার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

২. ভর্তির ক্ষেত্রে কোটা যাচাই সংক্রান্ত নির্দেশাবলী (প্রযোজ্য ক্ষেত্রে):

২.১ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র;

২.২ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদপত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কাউন্সিলর কর্তৃক সম্পর্ক সনদ দাখিল করতে হবে;

২.৩ শিক্ষা মন্ত্রণালয়াধীন কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তারাধীন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারির সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের / অধিদপ্তর/দপ্তর/ প্রতিষ্ঠান প্রধানের সনদপত্র;

২.৪ বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের সনদপত্র/পরিচয়পত্র জমা দিতে হবে।

৩. ভর্তি ফি:

৩.১ **কারিগরি শিক্ষা অধিদপ্তারাধীন সরকারি প্রতিষ্ঠানের জন্য:** ছকে বর্ণিত খাত অনুযায়ী শিক্ষার্থী প্রতি মোট ভর্তি ফি ৮০৫/- (আটশত পাঁচ) টাকা রশিদের মাধ্যমে আদায় করতে হবে;

ক্রমিক নং	টাকা আদায়ের খাত	টাকার হার
০১	ইনস্টিটিউট জামানত (ক্লাস শুরুর এক সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে)	৪০০.০০
০২	অভ্যন্তরীন পরীক্ষার ফি (মধ্য পর্ব, ক্লাস টেস্ট ও কুইজ টেস্ট)	১২০.০০
০৩	পরিচয় পত্র ফি	৩০.০০
০৪	অভিভাবক দিবস ফি (প্রতি সেমিস্টার)	২০.০০
০৫	মেডিকেল পরীক্ষা ফি (ভর্তির সময়)	১০০.০০
০৬	বেতন বই (ভর্তির সময়)	১৫.০০
০৭	সাইকেল গ্যারেজ ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	২০.০০
০৮	বিবিধ	১০০.০০
	মোট=	৮০৫.০০

৩.২ **কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন নয়, এমন সরকারি প্রতিষ্ঠানের জন্য:** প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক শিক্ষার্থী প্রতি মোট ভর্তি ফি রশিদের মাধ্যমে আদায় করতে হবে।

বর্ণিত সময়ের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পূর্ণ করতে ব্যর্থ শিক্ষার্থীর নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে এবং ০২-০৪-২০২২ইং তারিখের মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক ভর্তির ওয়েবসাইট লিংকের মাধ্যমে শিক্ষার্থীর অনুপস্থিত তালিকা প্রেরণ করতে হবে। অনুপস্থিত তালিকা প্রেরণের পূর্বে শিক্ষার্থীর প্রদেয় মোবাইল নম্বরে যোগাযোগ করে ভর্তির বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য অনুরোধ করা হল। অনুপস্থিত তালিকা যথাসময়ে এবং নির্ভুলভাবে প্রেরণ করতে হবে, অন্যথায় যেকোন ভুলের কারনে শিক্ষার্থী ভর্তি বাতিল হলে বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২০/৩/২২

(প্রকৌ. ফরিদ উদ্দিন আহম্মেদ)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১৮.২১.০৩১ (১৯) তারিখঃ ২০-০৩-২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক, কৃষি অধিদপ্তর, ঢাকা।
৫। মহাপরিচালক, বন অধিদপ্তর, ঢাকা।
৬। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা।
৭। মহাপরিচালক, প্রানিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৮। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।
৯। পরিচালক, আইআইসিটি, বুয়েট, ঢাকা।
১০। অধ্যক্ষ...।
১১। সিস্টেম এনালিস্ট, বাকাশিবো (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১২। নথি।

20.03.2022খ্রি:

(প্রকৌ. মোঃ ফারুক রেজা)
কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল ভোক:)
ও ভর্তি শাখা (অ.দা)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

শিক্ষা প্রতিষ্ঠানের সীলমোহর

ক্রমিক নং
তারিখ:

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

২০২১-২২ শিক্ষাবর্ষে ১ম পর্বে শিক্ষার্থীদের

ভর্তি ফরম

পাসপোর্ট আকারের এক কপি ছবি (আঠা দিয়ে লাগাতে হবে)

শিক্ষাক্রমের নামঃ ডিপ্লোমা ইন ....

(বোর্ডের সনদ অনুসারে স্বহস্তে পূরণ করতে হবে)

১. **প্রার্থীর পূর্ণনাম:** (স্পষ্টাক্ষরে)
বাংলায় ....
ইংরেজিতে (বড় হাতের অক্ষরে) | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

২. **পিতার নাম:**
বাংলায় ....
ইংরেজিতে (বড় হাতের অক্ষরে) | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

৩. **মাতার নাম:**
বাংলায় ....
ইংরেজিতে (বড় হাতের অক্ষরে) | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

৪. **অভিভাবকের নাম:** (পিতার অবর্তমানে) .... **সার্বক্ষণিক যোগাযোগের জন্য মোবাইল:** | ০ | ১ | | | | | | | | | |

৫. **বর্তমান ঠিকানা:** ....
....

৬. **স্থায়ী ঠিকানা:** ....
....

৭. জাতীয়তা: .... **জন্ম তারিখ:** (এস.এস. সি সনদপত্র অনুসারে)

দিন		মাস		বছর			

ধর্ম: ....

৮. **যে প্রতিষ্ঠান হতে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তার নাম ও ঠিকানা:** ....
....

৯. **সংযোজন যোগ্য ঃ** ক) এসএসসি/সমমান পরীক্ষায় মূলনম্বরপত্র, খ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক দেয় প্রশংসাপত্র-এর ফটোকপি, গ) পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি-৩ কপি।

....
শিক্ষার্থীর স্বাক্ষর ও তারিখ

১০. **আবেদনকারীর অঙ্গীকারনামা :**

এ মর্মে অঙ্গীকার করছি যে, আমি অত্র শিক্ষা প্রতিষ্ঠান ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের যাবতীয় আইন-কানুন মেনে চলব এবং কোন অবস্থাতেই অত্র শিক্ষা প্রতিষ্ঠান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং রাষ্ট্রীয় আইনের পরিপন্থি কোন কাজে লিপ্ত হব না।

....
পিতা/মাতা/অভিভাবকের স্বাক্ষর ও তারিখ

....
শিক্ষার্থীর স্বাক্ষর ও তারিখ

১১. **শিক্ষার্থীর এসএসএসসি/সমমান পরীক্ষার তথ্যাদিঃ** রোল নং.............................. রেজি নং.............................. সেশন........................
পাসের সন.............................. প্রাপ্ত জিপিএ.............................. বোর্ড..............................

১২. **টেকনোলজির নাম:** .... শিফট.............................. ১ম পর্বে ভর্তির অনুমতি দেয়া হলো।

উপাধ্যক্ষ/একাডেমিক ইন চার্জ

অধ্যক্ষ